রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, অক্টোবর ১৬, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিসিক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/০৯ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর ৩৬.০০.০০০০.০৬৫.২২.০০১.১২/৪৭৫—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৭ সালে যুক্তফ্রন্ট সরকারের শ্রম, বাণিজ্য ও শিল্পমন্ত্রী থাকাকালে দেশের ক্ষুদ্র শিল্প বিকাশের জন্য তৎকালীন গণপরিষদে পূর্ব পাকিস্তান ক্ষুদ্র শিল্প করপোরেশন (ইপসিক) প্রতিষ্ঠান বিল উত্থাপন করেন যা একই বছরের ৩০ মে থেকে কার্যকর হয়। স্বাধীনতা উত্তরকালে ইপসিকের নাম পরিবর্তন করে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) করা হয়। এ বিষয়টি স্মরণে এবং শিল্প উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে শিল্পখাতের অবদানের স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি ও সৃজনশীলতাকে উৎসাহিত করার লক্ষ্যে 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা, ২০১৯' মন্ত্রিপরিষদ বিভাগের 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' কর্তৃক ১ জুলাই ২০১৯ তারিখ অনুমোদিত হয়েছে। উক্ত 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা, ২০১৯' জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হল।

১.০ ভূমিকা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৭ সালে যুক্তফ্রন্ট সরকারের শ্রম, বাণিজ্য ও শিল্পমন্ত্রী থাকাকালে দেশের ক্ষুদ্র শিল্প বিকাশের জন্য তৎকালীন গণপরিষদে পূর্ব পাকিস্তান ক্ষুদ্র শিল্প করপোরেশন (ইপসিক) প্রতিষ্ঠান বিল উত্থাপন করেন যা একই বছরের ৩০ মে থেকে কার্যকর হয়। স্বাধীনতা উত্তরকালে ইপসিকের নাম পরিবর্তন করে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) করা হয়।

বঙ্গবন্ধুর হাতে গড়া বিসিকের মাধ্যমে গ্রাম গঞ্জে হাজার হাজার শিল্প স্থাপিত হয়েছে। বঙ্গবন্ধুর এ সুদূরপ্রসারী উদ্যোগের জন্যই শিল্পখাত বর্তমানে জাতীয় অর্থনীতিতে এক গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। বঙ্গবন্ধুর সেই উদ্যোগের ধারাবাহিকতায় সরকারি ও বেসরকারি খাতে দক্ষতা ও গতিশীলতা বৃদ্ধির মাধ্যমে একটি শিল্পসমৃদ্ধ উন্নত দেশ বিনির্মাণে শিল্প মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

জাতীয় অর্থনীতিতে শিল্প উদ্যোক্তাদের গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি প্রদান এবং শিল্পায়নের ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ সেবাসমূহ জাতির সামনে তুলে ধরে শিল্পসমৃদ্ধ উন্নত দেশ বিনির্মাণের মাধ্যমে সরকারের রূপকল্প বাস্তবায়ন করা শিল্প মন্ত্রণালয়ের দায়িত্ব।

শিল্পসমৃদ্ধ উন্নত দেশ বিনির্মাণের জন্য বেসরকারি খাতে শিল্প স্থাপন, রপ্তানি ও আমদানি বিকল্প পণ্য উৎপাদন করে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে ভূমিকা গ্রহণ এবং কর্মসংস্থান সৃষ্টিতে বেসরকারি খাতের অবদানকে স্বীকৃতি প্রদানের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মরণে এবং শিল্প উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি ও সৃজনশীলতাকে উৎসাহিত করার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে।

২.০ এ পুরস্কার 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার' নামে অভিহিত হবে।

৩.০ শিরোনাম : এ নীতিমালা 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা, ২০১৯' নামে অভিহিত হবে।

৪.০ বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদানের লক্ষ্য

৪.১ শিল্প উন্নয়নে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদানকে স্মরণ করা;

৪.২ বাংলাদেশের শিল্পায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে স্বীকৃতি দেওয়া; এবং

৪.৩ সরকারের রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশের শিল্পায়নের বিকাশকে দ্রুততর করতে বেসরকারি খাতকে উৎসাহিত করা।

৫.০ বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদানের উদ্দেশ্য

৫.১ বেসরকারি খাতে শিল্প স্থাপন, কর্মসংস্থান সৃষ্টি এবং বিনিয়োগ উৎসাহিত করা;

৫.২ পণ্য বহুমুখীকরণ, আমদানি বিকল্প পণ্য উৎপাদন ও সৃজনশীলতাকে উৎসাহিত করা;

৫.৩ জাতীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী প্রযুক্তি নির্ভর পণ্য উৎপাদন করা;

৫.৪ বাজার ব্যবস্থাপনা, রপ্তানি বৃদ্ধি, সর্বোপরি Total Quality Management সম্পর্কে উদ্যোক্তাদের উৎসাহিত করা;

৫.৫ পরিবেশবান্ধব শিল্প স্থাপন করা;

৫.৬ কারখানায় উৎপাদিত পণ্যের নকশা (Design), কৌশল (Technique) উপস্থাপনার (Display) ক্ষেত্রে অনন্য ও স্বতন্ত্র বৈশিষ্ট্য প্রদর্শনে উৎসাহিত করা; এবং

৫.৭ শিল্পে উৎপাদিত পণ্য নান্দনিক (Aesthetic), শৈল্পিক (Artistic), শোভাবর্ধক (Decorative), ব্যবহারিক (Functional), ঐতিহ্যবাহী (Traditional) এবং উপযোগিতা বৃদ্ধি করার জন্য উদ্যোক্তাদের উৎসাহিত করা।

৬.০ ক্ষেত্র নির্ধারণ

শিল্প ক্ষেত্রে অবদান সাপেক্ষে (১) বৃহৎ শিল্প, (২) মাঝারি শিল্প, (৩) ক্ষুদ্র শিল্প, (৪) মাইক্রো শিল্প, (৫) কুটির শিল্প, (৬) হস্ত ও কারু শিল্প এবং (৭) হাইটেক শিল্পের সাথে জড়িত কোন শিল্প উদ্যোক্তা বা শিল্প প্রতিষ্ঠানকে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদান করা হবে। বিদ্যমান জাতীয় শিল্পনীতিতে বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, হস্ত ও কারুশিল্প এবং হাইটেক শিল্প চিহ্নিত করা হবে।

৭.০ পুরস্কার প্রাপকের সংখ্যা নির্ধারণ ও বিবেচনাসূত্র

বিদ্যমান জাতীয় শিল্পনীতিতে বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের শ্রেণিবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, হস্ত ও কারু শিল্প এবং হাইটেকসহ মোট সাত ক্যাটাগরির শিল্পের প্রতিটিতে তিন জন করে মোট ২১ জন শিল্প উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে প্রতিবছর (০১ জুলাই—৩০ জুন) এ পুরস্কার প্রদান করা হবে। শিল্প উদ্যোক্তা বিবেচনার ক্ষেত্রে শিল্প খাতে তাঁর সামগ্রিক অবদানকে বিবেচনা করা হবে। শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বার্ষিক টার্নওভার, আমদানি হ্রাস, আমদানি বিকল্প পণ্য উৎপাদন, স্থানীয় কাঁচামাল ব্যবহার, কর্মসংস্থান বৃদ্ধি, সামাজিক দায়িত্ব পালন, নিষ্কণ্টক ভূমি ও ভূমির পরিকল্পিত ও দক্ষ ব্যবহার, পরিবেশ সংরক্ষণ প্রভৃতি ক্ষেত্রের অবদান বিবেচনা করা হবে। পরলোকগত শিল্প উদ্যোক্তার ক্ষেত্রে মরণোত্তর পুরস্কারও দেয়া যাবে।

৮.০ প্রস্তাব আহ্বান

৮.১ শিল্প মন্ত্রণালয় প্রতিবছর জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে জাতীয় দৈনিক পত্রিকা, মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডের মাধ্যমে পুরস্কারের জন্য প্রস্তাব আহ্বান করবে।

৮.২ শিল্প উদ্যোক্তা বা শিল্প প্রতিষ্ঠান স্ব-উদ্যোগে নির্ধারিত ফরমে (পরিশিষ্ট-১, ২ ও ৩ দ্রষ্টব্য) সরাসরি শিল্প মন্ত্রণালয়ে আনুষ্ঠানিক আবেদন প্রেরণ করবে।

৮.৩ কোন শিল্প উদ্যোক্তা বা উদ্ভাবকের পক্ষে তাঁর সংশ্লিষ্ট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত ছকে তথ্যসমূহ সংগ্রহ করে বিবেচনার জন্য আবেদন মূল্যায়ন কমিটির নিকট উপস্থাপন করবে।

৮.৪ শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটির নিকট প্রস্তাব উপস্থাপন করবে।

৯.০ সংক্ষিপ্ত তালিকা প্রস্তুতকরণ

শিল্প উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালার পরিশিষ্টে সংযুক্ত ফরমে (পরিশিষ্ট-১, ২ ও ৩ দ্রষ্টব্য) উল্লিখিত ক্যাটাগরিভিত্তিক মানদন্ডের ভিত্তিতে মোট ১০০ নম্বরে মূল্যায়ন করা হবে।

১০.০ আবেদন মূল্যায়ন কমিটি প্রাপ্ত আবেদনসমূহ মূল্যায়নের ভিত্তিতে চূড়ান্ত তালিকা প্রস্তুত করবে। প্রতিবছর মার্চ-এপ্রিল মাসে এ তালিকা চূড়ান্ত করা হবে।

১০.১ আবেদন মূল্যায়ন কমিটি গঠন

| | |
|---|---|
| সচিব, শিল্প মন্ত্রণালয় | আহ্বায়ক |
| অতিরিক্ত সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| চেয়ারম্যান, বিসিক/বিসিআইসি/বিএসইসি/বিএসএফআইসি | সদস্য |
| ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| বাণিজ্য মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নয়) | সদস্য |

| | |
|---|---|
| জাতীয় রাজস্ব বোর্ড এর একজন প্রতিনিধি (সদস্য পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এর একজন প্রতিনিধি (নির্বাহী সদস্যের নিম্নে নয়) | সদস্য |
| পরিবেশ অধিদপ্তর; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (পরিচালকের নিম্নে নয়) | সদস্য |
| বাংলাদেশ ব্যাংক এর একজন প্রতিনিধি (নির্বাহী পরিচালকের নিম্নে নয়) | সদস্য |
| অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর একজন প্রতিনিধি (অধ্যাপকের নিম্নে নয়) | সদস্য |
| বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বুয়েট) এর একজন প্রতিনিধি (অধ্যাপক এর নিম্নে নয়) | সদস্য |
| এফবিসিসিআই/বিসিআই/ডিসিসিআই/এমসিসিআই/বিডব্লিউসিসিআই এর একজন প্রতিনিধি | সদস্য |
| বিআইডিএস এর একজন প্রতিনিধি (সিনিয়র রিচার্স ফেলো এর নিম্নে নয়) | সদস্য |
| যুগ্মসচিব (প্রশাসন-১), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

১০.২ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি

| | |
|---|---|
| মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | আহ্বায়ক |
| মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| গভর্ণর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |

| | |
|---|---|
| সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| সভাপতি, এফবিসিসিআই/বিসিআই/ডিসিসিআই/এমসিসিআই/বিডব্লিউসিসিআই | সদস্য |
| অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

১১.০ মনোনয়ন যোগ্যতা ও শর্ত

১১.১ শিল্প/উদ্যোক্তা প্রতিষ্ঠান বাংলাদেশে স্থাপিত হতে হবে;

১১.২ শিল্প ক্ষেত্রে শিল্পপতি/উদ্যোক্তার সামগ্রিক অবদান সন্তোষজনক হতে হবে ও দেশের গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ বা আমদানি বিকল্প পণ্য বা রপ্তানিমুখী পণ্য উৎপাদন ও কর্মসংস্থান সৃষ্টিতে কার্যকর অবদান রাখতে হবে; এবং

১১.৩ নিয়মিত কর পরিশোধ করতে হবে।

১২.০ মনোনয়নের অযোগ্যতা

১২.১ কোন শিল্প উদ্যোক্তা বা/এবং শিল্প প্রতিষ্ঠান এ নীতিমালার অধীন মনোনয়নের জন্য যোগ্য বিবেচিত হবেন না, যদি—

১২.১.১ কোন ফৌজদারি অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক ৬ মাস বা তদধিক সময়ের জন্য দন্ডিত হন এবং দন্ডভোগের পর ন্যূনতম ২ বছর সময় অতিক্রান্ত না হয় কিংবা তার বিরুদ্ধে কোন ট্রাইব্যুনাল বা আদালতে উক্তরূপ কোন মামলা চলমান থাকে;

১২.১.২ শিল্প উদ্যোক্তা বা/এবং শিল্প প্রতিষ্ঠান ঋণ খেলাপি, সরকারি বিল খেলাপি, কর খেলাপি, অর্থ পাচার, সরকারি জায়গায় অবৈধ দখলদার হন ও পরিবেশ দূষণ করেন; এবং

১২.১.৩ অন্যান্য উদ্যোক্তাদের উৎসাহিত করার লক্ষ্যে কোন উদ্যোক্তা একবার পুরস্কৃত হলে একই ক্যাটাগরিতে পরবর্তী ০৩ (তিন) বছর তাঁর আবেদন বিবেচনাযোগ্য হবে না।

১৩.০ মনোনয়ন পদ্ধতি

বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদান সংক্রান্ত মূল্যায়ন কমিটি প্রতিবছর (০১ জুলাই—৩০ জুন) প্রাথমিকভাবে একটি তালিকা প্রণয়ন করবে এবং তালিকায় অন্তর্ভুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের (একটি প্রযোজ্য)—

১৩.১ শুল্ক, মূল্য সংযোজন কর কিংবা আয়কর প্রদান সম্পর্কিত তথ্যাদি জানাবার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নিকট তালিকার একটি কপি প্রেরণ করবে।

১৩.২ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে।

১৩.৩ প্রার্থী ফৌজদারী অপরাধের জন্য কোন আদালত কর্তৃক দন্ডিত কিংবা কোন মামলা তদন্তাধীন /বিচারাধীন আছে কিনা, তৎসম্পর্কিত তথ্য জানার জন্য মূল্যায়ন কমিটি জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট তালিকার একটি কপি প্রেরণ করবে।

১৩.৪ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে।

১৩.৫ প্রার্থী ঋণ খেলাপি কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি জানার জন্য মূল্যায়ন কমিটি বাংলাদেশ ব্যাংকের নিকট তালিকার একটি কপি প্রেরণ করবে।

১৩.৬ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে।

১৩.৭ প্রার্থী বিল খেলাপি কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি জানার জন্য পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষের নিকট তালিকার একটি কপি প্রেরণ করবে।

১৩.৮ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষ যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে।

১৩.৯ প্রার্থী কোন সরকারি সম্পত্তি, খাল, নদী-নালা, জলাধার ও সংরক্ষিত বনাঞ্চল দখল করে শিল্প প্রতিষ্ঠান স্থাপন করেছেন কিনা সে সম্পর্কে তথ্যাদি পাবার জন্য মূল্যায়ন কমিটি ভূমি মন্ত্রণালয়ে তালিকার একটি কপি প্রেরণ করবে।

১৩.১০ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ভূমি মন্ত্রণালয় যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে।

১৩.১১ প্রার্থী শিল্প স্থাপন ও পরিকল্পনা করতে গিয়ে পরিবেশ দূষণ করেছেন কিনা সে বিষয়ে তথ্যাদি পাবার জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নিকট তালিকার একটি কপি প্রেরণ করবে।

১৩.১২ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে।

১৩.১৩ জাতীয় রাজস্ব বোর্ড, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষ হতে প্রাপ্ত তথ্যাদি এবং প্রার্থীগণের আবেদন যাচাই করে আবেদন মূল্যায়ন কমিটি মূল্যায়নের ভিত্তিতে পুরস্কারের শ্রেণিভিত্তিক তালিকা প্রণয়ন করে অনুমোদনের জন্য মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির নিকট সুপারিশ পেশ করবে।

১৩.১৪ আবেদন মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা পাওয়ার পর মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি তদবিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৩.১৫ তালিকা চূড়ান্ত করার পর যদি দেখা যায় যে, কোন ব্যক্তি একইসাথে একাধিক ক্ষেত্রে নির্বাচিত হয়েছেন তা হলে উক্ত ব্যক্তির পছন্দমত যে কোন একটির জন্য পুরস্কার ঘোষণা করা যাবে।

১৩.১৬ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩.১৭ বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রদানের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্তকৃত তালিকা সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হবে।

১৪.০ মনোনয়নের বিধি-নিষেধ

নিম্নবর্ণিত কারণে/ক্ষেত্রসমূহে কোন ব্যক্তি বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন না, যদি তিনি –

১৪.১ রাজস্ব বোর্ডের প্রেরিত তথ্য অনুযায়ী আবেদনের পূর্ববর্তী অর্থবছরে যথাবিহিতভাবে শুল্ক, মূল্য সংযোজন কর বা আয়কর প্রদান না করে থাকেন,

১৪.২ জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী কোন ফৌজদারী অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক সাজা প্রাপ্ত হন এবং সাজা ভোগ করার অন্যূন ০৫ (পাঁচ) বছর অতিবাহিত না হয়,

১৪.৩ বাংলাদেশ ব্যাংকের প্রেরিত প্রতিবেদন অনুযায়ী ঋণ খেলাপী হন,

১৪.৪ স্থানীয় সরকার কর্তৃপক্ষের মন্তব্য অনুযায়ী পানি, বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন বিল খেলাপী হন,

১৪.৫ শেয়ার সংক্রান্ত কোন কেলেংকারীতে জড়িত থাকেন,

১৪.৬ ভূমি মন্ত্রণালয়ের প্রতিবেদন অনুযায়ী কোন সরকারি সম্পত্তি, খাল, নদী-নালা, জলাধার ও সংরক্ষিত বনাঞ্চল দখলকারী হন বা দখল কর্মের সাথে জড়িত থাকেন,

১৪.৭ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিবেদন অনুযায়ী শিল্প স্থাপন ও পরিকল্পনা করতে গিয়ে কোনভাবে পরিবেশ দূষণ করেন,

১৪.৮ আবেদনপত্রে কোন প্রকার মিথ্যা বা অসত্য তথ্য প্রদান করেন এবং

১৪.৯ কোন বছরে কোন ক্ষেত্রে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সে বছর নির্ধারিত ক্ষেত্রে পুরস্কার প্রদান করা হবে না।

১৫.০ পুরস্কারের বিবরণ

১৫.১ বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার হিসেবে ১ম পুরস্কার ২৫ গ্রাম, ২য় পুরস্কার ২০ গ্রাম ও ৩য় পুরস্কার ১৫ গ্রাম ওজনের স্বর্ণ দ্বারা নির্মিত ক্রেস্ট ও সম্মাননাপত্র এবং নগদ অর্থ প্রদান করা হবে (ক্রেস্ট ও সম্মাননাপত্রের নমুনা নীতিমালার পরিশিষ্ট ৪ ও ৫ এ দেখানো হলো)।

১৫.২ ১ম পুরস্কার-একটি ক্রেস্ট (১৮ ক্যারেটে ২৫ গ্রাম স্বর্ণখচিত) ও সম্মাননাপত্র এবং নগদ ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা।

১৫.৩ ২য় পুরস্কার-একটি ক্রেস্ট (১৮ ক্যারেটে ২০ গ্রাম স্বর্ণখচিত) ও সম্মাননাপত্র এবং নগদ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা এবং

১৫.৪ ৩য় পুরস্কার-একটি ক্রেস্ট (১৮ ক্যারেটে ১৫ গ্রাম স্বর্ণখচিত) ও সম্মাননাপত্র এবং নগদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা।

১৫.৫ পুরস্কার প্রকৃত ধাতুমানে ক্রেস্ট এর ০১ (এক)টি মূল কপি থাকবে এবং সর্বসাধারণকে প্রদর্শনের জন্য একটি রেপ্লিকা (Replica) থাকবে। রেপ্লিকাতে কোন ধাতুমান থাকবে না এবং রেপ্লিকা (Replica) শব্দটি খোদাই করে অঙ্কিত থাকবে।

১৫.৬ যথাযথ প্রক্রিয়ায় ক্রেস্ট নির্মিত হওয়ার পর তার মান যাচাইয়ের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন/বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)/বাংলাদেশ স্ট্যান্ডার্ড ও টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এ প্রেরণ করে সনদ/প্রত্যয়ন পত্র গ্রহণ করা হবে।

১৬.০ অনুষ্ঠান আয়োজন ও পুরস্কার প্রদান

১৬.১ সাধারণত প্রতিবছর জুলাই মাসে পুরস্কার প্রদান করা হবে;

১৬.২ মাননীয় প্রধানমন্ত্রীকে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হবে;

১৬.৩ শিল্প মন্ত্রণালয় পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজনে যাবতীয় দায়িত্ব পালন করবে;

১৬.৪ শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন;

১৬.৫ শিল্প মন্ত্রণালয়ের সচিব পুরস্কার বিতরণ অনুষ্ঠান পরিচালনা করবেন এবং

১৬.৬ যে ক্ষেত্রে প্রাপক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত হতে পারবেন না সে ক্ষেত্রে পুরস্কার প্রাপকের মনোনীত ব্যক্তি পুরস্কার গ্রহণের জন্য অনুষ্ঠানে উপস্থিত থেকে পুরস্কার গ্রহণ করতে পারবেন।

১৭.০ বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রাপ্ত ব্যক্তির সুযোগ-সুবিধা :

০১ (এক) জন পুরস্কার প্রাপ্ত ব্যক্তি ০১ (এক) বছরের জন্য নিম্নরূপ সুযোগ-সুবিধা প্রাপ্ত হবেন, যথা :—

১৭.১ শিল্প মন্ত্রণালয় হতে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার সংক্রান্ত একটি পরিচয়পত্র প্রাপ্ত হবেন যাতে এর মেয়াদকাল উল্লেখ থাকবে এবং মেয়াদকালীন সময়ে পরিচয়পত্রটি বাংলাদেশ সচিবালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র হিসেবে গণ্য হবে;

১৭.২ বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে এবং সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনায় আমন্ত্রণ পাবেন;

১৭.৩ শিল্প সংক্রান্ত কাজে ভ্রমণের সময় বিমান, রেলপথ, সড়ক ও জলপথে চলমান সরকারি যানবাহনে আসন সংরক্ষণের অগ্রাধিকার পাবেন;

১৭.৪ শিল্প সংক্রান্ত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে ভিসা প্রাপ্তির নিমিত্ত তাঁর অনুকূলে পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট দূতাবাসকে উদ্দেশ্য করে Letter of Introduction প্রদান করবে;

১৭.৫ স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন;

১৭.৬ বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহারের সুবিধা প্রাপ্ত হবেন এবং

১৭.৭ মেয়াদকালীন সরকার কর্তৃক তাঁকে শিল্প বিষয়ক নীতি নির্ধারণী কোন কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যাবে।

১৮। বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রত্যাহার।

(১) সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা যে কোন ব্যক্তিকে অনুচ্ছেদ ১৭.০ এর অধীন প্রদত্ত পুরস্কারের সুযোগ সুবিধা মেয়াদকালীন যে কোন সময় জনস্বার্থে প্রত্যাহার করতে পারবে।

(২) কোন ব্যক্তি বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কারে পুরস্কৃত হওয়ার পর যে প্রতিষ্ঠানের জন্য পুরস্কৃত হয়েছেন সে প্রতিষ্ঠানের তথ্য-উপাত্তগত ত্রুটি, অসত্য তথ্য, আর্থিক বিষয়াদির অডিট কার্যক্রমে বা দুর্নীতি তদন্তে অথবা আদালতের রায়ে সংশ্লিষ্ট কোন বিষয়ে আপত্তি বা দুর্নীতি বা অপরাধ প্রমাণিত হলে প্রদত্ত 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার' প্রাপ্ত কার্ড/সম্মাননা ও বর্ণিত সুবিধাদি বাতিল মর্মে গণ্য হবে এবং সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা তা প্রকাশ করবে।

পরিশিষ্ট-১

পাসপোর্ট সাইজের ছবি

## বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার

### আবেদন পত্র

(কুটির, হস্ত ও কারু শিল্পের জন্য প্রযোজ্য)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | আবেদনকারী উদ্যোক্তার নাম | বাংলা | | | |
| | | ইংরেজি | | | |
| ২. | জাতীয় পরিচয় পত্র নং /NID/ Smart Card | | | | |
| ৩. | শিক্ষাগত যোগ্যতা | ☐ এসএসসি ☐ এইচএসসি ☐ গ্রাজুয়েশন ☐ পোস্ট গ্রাজুয়েশন ☐ অন্যান্য | | | |
| ৪. | ফোন নম্বর | ল্যান্ড ফোন | | মোবাইল ফোন | |
| ৫. | ই-মেইল ও ওয়েবসাইট (যদি থাকে) | ই-মেইল | | ওয়েবসাইট (যদি থাকে) | |
| ৬. | পুরস্কার সংক্রান্ত তথ্য | ক) শ্রেষ্ঠ উদ্যোক্তা হিসেবে এ পর্যন্ত কোন প্রকার পুরস্কারে ভূষিত হয়েছেন কিনা? | | | ☐হ্যাঁ ☐ না |
| | | খ) উত্তর হ্যাঁ হলে, পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠান ও পুরস্কারের নাম এবং পুরস্কার প্রাপ্তির তারিখ : | | | |
| | | | | | |
| ৭. | প্রতিষ্ঠানের নাম (নিবন্ধন অনুযায়ী) | বাংলা | | | |
| | | ইংরেজি | | | |
| ৮. | ব্যবসায়িক ঠিকানা (একাধিক উৎপাদন প্রতিষ্ঠান থাকলে পৃথক কাগজ ব্যবহার করুন) | ক) কারখানা (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| | | ঠিকানা | | | |
| | | ফোন ও ই-মেইল | | | |
| | | খ) বাণিজ্যিক কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| | | ঠিকানা | | | |
| | | ফোন | | | |
| | | গ) শিল্প কারখানার অবস্থান | ক) ব্যবহৃত জমির পরিমান: খ) মৌজা: গ) খতিয়ান: ঘ) দাগ: ঙ) মোট পরিমান: | | |
| ৯. | শিল্প কারখানায় উৎপাদন শুরুর তারিখ/সন | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০. | শিল্পের মালিকানার ধরন | ☐ একক | ☐ যৌথ | ☐ প্রাইভেট লি. কোম্পানি | |
| ১১. | শিল্পের ধরন | ☐ উৎপাদনকারী | | ☐ সেবাদানকারী | |
| ১২. | উৎপাদিত পণ্য/সেবার নাম | | | | |
| ১৩. | প্রতিষ্ঠান বা কারখানায় ব্যবহৃত কাঁচামালের বিবরণ | | | | |
| ১৪. | মৌলিক কাঁচামালের দেশীয় অংশের পরিমাণ (%) | | | | |
| ১৫. | বিগত তিন বছরের উৎপাদিত পণ্য/সেবা বিক্রয়ের পরিমাণ উল্লেখ করুন | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | মোট বিক্রয় (টাকা) |
| | | | | | |
| ১৬. | বিগত তিন বৎসরে ব্যবসায়ের ব্যয় কত? | ২০---(জানুঃ-ডিসেঃ) | ২০----(জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | মোট ব্যয় (টাকা) |
| | | | | | |
| ১৭. | বিগত তিন বছরের নিট লাভের পরিমাণ (অডিট রিপোর্ট থাকলে তা সংযুক্ত করুন) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | মোট নিট লাভ (টাকা) |
| | | | | | |
| ১৮. | বিনিয়োগ | স্থায়ী সম্পদ | চলতি সম্পদ | মোট বিনিয়োগ | জমি ও কারখানা ভবন ছাড়া স্থায়ী সম্পদের পরিমাণ |
| | | | | | |

| | | মাসিক বেতনভুক্ত | | | উৎপাদনের ভিত্তিতে মজুরিভুক্ত | | | অস্থায়ী/সিজনাল/ পার্ট-টাইম | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৯. | নিয়োজিত কর্মকর্তার সংখ্যা | নারী | পুরুষ | মোট | নারী | পুরুষ | মোট | নারী | পুরুষ | মোট | এক বছরে মোট শ্রমঘণ্টা |
| | | | | | | | | | | | |
| | নিয়োজিত কর্মচারীর সংখ্যা | | | | | | | | | | |
| | নিয়োজিত শ্রমিকের সংখ্যা | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ২০. | প্রতিষ্ঠানের পণ্য বা সেবা বিদেশে রপ্তানি করা হয় কিনা? | ☐ হ্যাঁ | ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, ২০ - ২০- অর্থবছরে কোন্ দেশে কত টাকার পণ্য/সেবা রপ্তানি করা হয়েছে? (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন) | |
| | | | |

| | | |
|---|---|---|
| ২১. | আপনার প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্য/সেবা এবং উৎপাদন পদ্ধতি পরিবেশবান্ধব কিনা? | ☐ হ্যাঁ ☐ না<br>উত্তর হ্যাঁ হলে, স্বপক্ষে যুক্তি দিন (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন): |
| ২২ | শিল্প কারখানা স্থাপনে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র অত্যাবশ্যক কিনা? | ☐ হ্যাঁ ☐ না<br>উত্তর হ্যাঁ হলে, ছাড়পত্রের নং ও মেয়াদ |
| ২৩. | শিল্প কারখানা পরিচালনার জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করুন: | ☐ লাইসেন্স ☐ নিজ নামে ভাড়ার চুক্তিনামা<br>☐ পজেশন ডিড ☐ স্বত্বাধিকার ডিড (দলিল)<br>☐ TIN সার্টিফিকেট ☐ ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট<br>☐ আয়কর জমাদানের স্লিপ ☐ পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র<br>☐ অডিটেড আর্থিক বিবরণী ☐ রেজিস্ট্রার্ড পার্টনারশীপ ডিড (অংশীদারি ব্যবসার ক্ষেত্রে)<br>☐ মেমোরেন্ডাম অব আর্টিক্যাল অ্যান্ড অ্যাসোসিয়েশন এন্ড ইনকর্পোরেশন (যৌথ মূলধনী প্রতিষ্ঠানের ক্ষেত্রে) |
| ২৪. | আপনার পণ্য/সেবাসমূহের গুণগতমান প্রমাণক দলিল সংযুক্ত করুন: | ☐ বিএসটিআই কর্তৃক অনুমোদিত ☐ রপ্তানিযোগ্য<br>☐ ISO Standard<br>☐ অন্যান্য (....................................) ☐ প্রযোজ্য নয় |
| ২৫. | কেন আপনি নিজেকে একজন সফল উদ্যোক্তা মনে করেন? (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| ২৬. | আপনার উৎপাদিত পণ্য/সেবার বাজারজাতকরণ কৌশল বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন): | |
| ২৭. | আপনার পণ্য/সেবার উৎপাদন বা উদ্ভাবন প্রযুক্তি বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন): | |
| ২৮. | আপনার প্রতিষ্ঠান সবুজ কর্মপরিবেশের সাথে সাংঘর্ষিক কিনা? (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |

বিশেষ দ্রষ্টব্য

১. আবেদনকারী উদ্যোক্তাকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. ঋণ খেলাপি, কর খেলাপি, ইউটিলিটি বিল খেলাপি, সরকারি সম্পত্তি/খাল-নদী-জলাধার দখলকারী ও পরিবেশ দুষণকারী কোন উদ্যোক্তা আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৩. শিল্প মন্ত্রণালয় আবেদনকারীর তথ্য-উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট নথিপত্র বা সাপোর্টিং ডকুমেন্টস যাচাই এবং তা সরকারের অন্যান্য বিভাগ/মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানে যাচাইয়ের জন্য প্রেরণ করার অধিকার সংরক্ষণ করে।

৪. আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্য-উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে সরেজমিন অনুসন্ধান ও ভিডিও চিত্র ধারণের অধিকার শিল্প মন্ত্রণালয় সংরক্ষণ করে।

৫. পুরস্কার প্রদানের ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনরূপ প্রশ্ন উত্থাপন গ্রহণযোগ্য নয়।

৬. শিল্প মন্ত্রণালয় যে কোন অথবা সকল আবেদন/মনোনয়ন গ্রহণ বা বাতিল করা, বিজয়ী নির্বাচন প্রক্রিয়ায় পরিবর্তন বা পরিমার্জন করা এবং এ সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

আমি নিম্ন স্বাক্ষরকারী বিশেষ দ্রষ্টব্যাংশে বর্ণিত বিষয়সমূহে অবগত হয়ে এই মর্মে অঙ্গীকার করছি যে, আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য সঠিক এবং আমি এগুলোর সাথে একমত পোষণ করি।

আবেদনকারীর স্বাক্ষর ও সিল

| | |
|---|---|
| নাম | |
| তারিখ | |

**সংযুক্ত করুন**

- ☐ পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি
- ☐ জাতীয় পরিচয় পত্র/স্মার্ট কার্ড (যদি থাকে) এর কপি

**পুরণকৃত আবেদনপত্রটি নিম্ন ঠিকানায় পাঠিয়ে দিন**

সচিব
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন
৯১ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

# বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার

## মূল্যায়ন ফরম

(কুটির, হস্ত ও কারু শিল্পের জন্য প্রযোজ্য)

উদ্যোক্তার নাম: ..........................................................................

প্রতিষ্ঠানের নাম: ..........................................................................

| ক্রমিক | মান বণ্টন খাত | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১ | কাঁচামালের উৎস | ৮ | |
| ২ | পণ্য উৎপাদন/সেবা প্রদানের কৌশল | ১০ | |
| ৩ | আয়-ব্যয়ের চিত্র | ৮ | |
| ৪ | টিকে থাকার সম্ভাবনা | ১০ | |
| ৫ | রপ্তানি সম্ভাবনা/বর্তমান রপ্তানি অবস্থা | ১০ | |
| ৬ | পণ্য/সেবার বাজারজাতকরণ কৌশল | ৮ | |
| ৭ | গুণগতমান প্রমাণক দলিল | ৮ | |
| ৮ | কর্মসংস্থান তৈরিতে ভূমিকা | ৮ | |
| ৯ | পরিবেশের ওপর প্রভাব | ১০ | |
| ১০ | সৃজনশীলতা | ১৫ | |
| ১১ | সার্বিক মূল্যায়ন | ৫ | |
| | সর্বমোট: | ১০০ | |

পরিশিষ্ট-১

# বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার

## আবেদন পত্র

(মাইক্রো, ক্ষুদ্র এবং হাইটেক শিল্পের জন্য প্রযোজ্য)

পাসপোর্ট সাইজের ছবি

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | আবেদনকারী উদ্যোক্তার নাম | বাংলা | | | |
| | | ইংরেজি | | | |
| ২. | জাতীয় পরিচয় পত্র নং /NID/ Smart Card | | | | |
| ৩. | শিক্ষাগত যোগ্যতা | ☐ এসএসসি ☐ এইচএসসি ☐ গ্রাজুয়েশন ☐ পোস্ট গ্রাজুয়েশন ☐ অন্যান্য | | | |
| ৪. | ফোন নম্বর | ল্যান্ড ফোন | | মোবাইল ফোন | |
| ৫. | ই-মেইল ও ওয়েবসাইট (যদি থাকে) | ই-মেইল | | ওয়েবসাইট (যদি থাকে) | |
| ৬. | পুরস্কার সংক্রান্ত তথ্য | ক) শ্রেষ্ঠ উদ্যোক্তা হিসেবে এ পর্যন্ত কোন প্রকার পুরস্কারে ভূষিত হয়েছেন কিনা? | | | ☐হ্যাঁ ☐ না |
| | | খ) উত্তর হ্যাঁ হলে, পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠান ও পুরস্কারের নাম এবং পুরস্কার প্রাপ্তির তারিখ : | | | |
| | | | | | |
| ৭. | প্রতিষ্ঠানের নাম (নিবন্ধন অনুযায়ী) | বাংলা | | | |
| | | ইংরেজি | | | |
| ৮. | ব্যবসায়িক ঠিকানা (একাধিক উৎপাদন প্রতিষ্ঠান থাকলে পৃথক কাগজ ব্যবহার করুন) | ক) কারখানা (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| | | ঠিকানা | | | |
| | | ফোন ই-মেইল | | | |
| | | খ) বাণিজ্যিক কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| | | ঠিকানা | | | |
| | | ফোন ই-মেইল | | | |
| | | গ) শিল্প কারখানার অবস্থান | ক) ব্যবহৃত জমির পরিমাণ: খ) মৌজা: গ) খতিয়ান: ঘ) দাগ: ঙ) মোট পরিমাণ: | | |
| ৯. | শিল্প কারখানায় উৎপাদন শুরুর তারিখ/সন | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০. | শিল্পের মালিকানার ধরণ | ☐ একক | ☐ যৌথ | ☐ প্রাইভেট লি. কোম্পানি | | |
| ১১. | শিল্পের ধরণ | ☐ উৎপাদনকারী | | ☐ সেবাদানকারী | | |
| ১২. | উৎপাদিত পণ্য/সেবার নাম | | | | | |
| ১৩. | প্রতিষ্ঠান বা কারখানায় ব্যবহৃত কাঁচামালের বিবরণ | | | | | |
| ১৪. | মৌলিক কাঁচামালের দেশীয় অংশের পরিমাণ (%) | | | | | |
| ১৫. | বিগত তিন বছরের উৎপাদিত পণ্য/সেবা বিক্রয়ের পরিমাণ : | ২০-- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | মোট বিক্রয় (টাকা) | |
| | | | | | | |
| ১৬. | বিগত তিন বৎসরে ব্যবসায়ের ব্যয় : | ২০---(জানুঃ-ডিসেঃ) | ২০----(জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | মোট ব্যয় (টাকা) | |
| | | | | | | |
| ১৭. | বিগত তিন বছরের নিট লাভ : (অডিট রিপোর্ট মোতাবেক) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | মোট নিট লাভ (টাকা) | |
| | | | | | | |
| ১৮. | আয়কর ও ভ্যাট প্রদান সংক্রান্ত তথ্য (অডিট রিপোর্ট মোতাবেক) | (ক) আপনি আয়কর ও ভ্যাট প্রদান করেন কিনা? ☐ হ্যাঁ ☐ না | | | | |
| | | (খ) উত্তর হ্যাঁ হলে, নিম্নে উল্লিখিত তথ্যসমূহ লিখুন | | | | |
| | | ☐ সর্বশেষ করবর্ষে আয়কর প্রদানের পরিমাণ: | | ☐ সর্বশেষ রিটার্ন অনুযায়ী ভ্যাট পরিশোধের পরিমাণ: | | |
| | | ☐ কর সনাক্তকরণ নম্বর (e-TIN) : | | ☐ ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর ( যদি থাকে) VAT Reg. No (if any): | | |
| ১৯. | বিনিয়োগ (উৎপাদন শুরু হতে অদ্যাবধি) | স্থায়ী সম্পদ | চলতি সম্পদ | মোট বিনিয়োগ | অবচয় ব্যতীত বর্তমানে নীট বিনিয়োগ | জমি ও কারখানা ভবন ছাড়া স্থায়ী সম্পদের পরিমাণ |
| | | | | | | |
| ২০. | বিগত তিন বছরের নতুন বিনিয়োগ (অডিট রিপোর্ট মোতাবেক) | ২০----সাল | ২০---সাল | ২০---সাল | | মোট বিনিয়োগ (টাকা) |
| | | | | | | |

| ২১. | | মাসিক বেতনভুক্ত | | | উৎপাদনের ভিত্তিতে মজুরিভুক্ত | | | অস্থায়ী/সিজনাল/ পার্ট-টাইম | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নারী | পুরুষ | মোট | নারী | পুরুষ | মোট | নারী | পুরুষ | মোট | এক বছরে মোট শ্রমঘন্টা |
| | নিয়োজিত কর্মকর্তার সংখ্যা | | | | | | | | | | |
| | নিয়োজিত কর্মচারীর সংখ্যা | | | | | | | | | | |
| | নিয়োজিত শ্রমিকের সংখ্যা | | | | | | | | | | |

| | | |
|---|---|---|
| ২২. | প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য বা সেবা বিদেশে রপ্তানি করা হয় কিনা? | ☐ হ্যাঁ ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, ২০১৯-২০ অর্থবছরে কোন্ দেশে কত টাকার পণ্য/সেবা রপ্তানি করা হয়েছে? |
| | | [Export form (EXP)/ Export Proceeds Realization Certificate (PRC)/ Cash Incentive certificate-যদি থাকে] সংযুক্ত করুন |
| ২৩. | আপনার প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্য/সেবা এবং উৎপাদন পদ্ধতি পরিবেশবান্ধব কিনা? | ☐ হ্যাঁ ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, স্বপক্ষে যুক্তি দিন |
| | | |
| ২৪ | শিল্প কারখানা স্থাপনে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র অত্যাবশ্যক কিনা? | ☐ হ্যাঁ ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, ছাড়পত্রের নং ও মেয়াদ |
| ২৫. | শিল্প স্থাপনের জন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেছেন কিনা ? | ☐ হ্যাঁ ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকের নাম ও ঋণের পরিমাণ: |
| | | ঋণ খেলাপি কিনা? |
| | | ☐ হ্যাঁ ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকের প্রাপ্য ঋণের পরিমাণ: |
| ২৬. | শিল্প কারখানা পরিচালনার জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করুন: | ☐ লাইসেন্স ☐ নিজ নামে ভাড়ার চুক্তিনামা<br>☐ পজেশন ডিড ☐ স্বত্বাধিকার ডিড (দলিল)<br>☐ TIN সার্টিফিকেট ☐ ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট<br>☐ আয়কর জমাদানের স্লিপ ☐ পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র<br>☐ অডিটেড আর্থিক বিবরণী ☐ রেজিস্ট্রার্ড পার্টনারশীপ ডিড (অংশীদারি ব্যবসার ক্ষেত্রে)<br>☐ মেমোরেন্ডাম অব আর্টিক্যাল অ্যান্ড অ্যাসোসিয়েশন এন্ড ইনকর্পোরেশন (যৌথ মূলধনী প্রতিষ্ঠানের ক্ষেত্রে) |

| | | |
|---|---|---|
| ২৭. | আপনার পণ্য/সেবাসমূহের গুণগতমান প্রমাণক দলিল সংযুক্ত করুন: | ☐ বিএসটিআই কর্তৃক অনুমোদিত ☐ রপ্তানিযোগ্য<br>☐ ISO Standard<br>☐ অন্যান্য (....................................) ☐ প্রযোজ্য নয় |
| ২৮. | আপনার প্রতিষ্ঠানে নিরাপত্তামূলক (যেমন: অগ্নি নির্বাপন ব্যবস্থা, দ্রুত নির্গমন ব্যবস্থা ইত্যাদি) ও অন্যান্য কি কি সুবিধা (চিকিৎসা, ডে-কেয়ার সেন্টার, বিনোদন, বাসস্থান, টিফিন/আপ্যায়ন সুবিধা ইত্যাদি ) রয়েছে সংক্ষেপে উল্লেখ করুন: | |
| | | |
| ২৯. | কেন আপনি নিজেকে একজন সফল উদ্যোক্তা মনে করেন? (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |
| ৩০. | কর্মীর দক্ষতা উন্নয়নে আপনি কি ধরনের উদ্যোগ গ্রহণ করেছেন, যা অন্য উদ্যোক্তাদের জন্য অনুকরণীয়। (সর্বোচ্চ ১০০ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |
| ৩১. | আপনার প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |
| ৩২. | আপনার উৎপাদিত পণ্য/সেবার বাজারজাতকরণ কৌশল বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |
| ৩৩. | পণ্য/সেবার উৎপাদন বা উদ্ভাবন প্রযুক্তি বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |
| ৩৪. | আপনার প্রতিষ্ঠানের উৎপাদন/সেবা কেন্দ্রের পরিবেশ বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |
| ৩৫. | আপনার প্রতিষ্ঠান সবুজ কর্মপরিবেশের সাথে সাংঘর্ষিক কিনা? (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |

বিশেষ দ্রষ্টব্য

১. আবেদনকারী উদ্যোক্তাকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. ঋণ খেলাপি, কর খেলাপি, ইউটিলিটি বিল খেলাপি, সরকারি সম্পত্তি/খাল-নদী-জলাধার দখলকারী ও পরিবেশ দূষণকারী কোন উদ্যোক্তা আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৩. শিল্প মন্ত্রণালয় আবেদনকারীর তথ্য-উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট নথিপত্র বা সাপোর্টিং ডকুমেন্টস যাচাই এবং তা সরকারের অন্যান্য বিভাগ/মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানে যাচাইয়ের জন্য প্রেরণ করার অধিকার সংরক্ষণ করে।

৪. আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্য-উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে সরেজমিন অনুসন্ধান ও ভিডিও চিত্র ধারণের অধিকার শিল্প মন্ত্রণালয় সংরক্ষণ করে।

৫. পুরস্কার প্রদানের ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনরূপ প্রশ্ন উত্থাপন গ্রহণযোগ্য নয়।

৬. শিল্প মন্ত্রণালয় যে কোন অথবা সকল আবেদন/মনোনয়ন গ্রহণ বা বাতিল করা, বিজয়ী নির্বাচন প্রক্রিয়ায় পরিবর্তন বা পরিমার্জন করা এবং এ সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

আমি নিম্ন স্বাক্ষরকারী বিশেষ দ্রষ্টব্যাংশে বর্ণিত বিষয়সমূহে অবগত হয়ে এই মর্মে অঙ্গীকার করছি যে, আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য সঠিক এবং আমি এগুলোর সাথে একমত পোষণ করি।

আবেদনকারীর স্বাক্ষর ও সিল

| | |
|---|---|
| নাম | |
| তারিখ | |

সংযুক্ত করুন

- ☐ পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি
- ☐ জাতীয় পরিচয় পত্র/স্মার্ট কার্ড (যদি থাকে) এর কপি
- ☐ ই-টিআইএন (e-TIN)
- ☐ রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে Export form (EXP)/ Export Proceeds Realization Certificate (PRC) এবং Cash Incentive certificate-যদি থাকে

**পূরণকৃত আবেদনপত্রটি নিম্ন ঠিকানায় পাঠিয়ে দিন**

সচিব
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন
৯১ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

## বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার

### মূল্যায়ন ফরম

(মাইক্রো, ক্ষুদ্র এবং হাইটেক শিল্পের জন্য প্রযোজ্য)

উদ্যোক্তার নাম: ..........................................................................................

প্রতিষ্ঠানের নাম: ..........................................................................................

| ক্রমিক | মান বণ্টন খাত | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১ | কাঁচামালের উৎস | ৫ | |
| ২ | পণ্য উৎপাদন/উদ্ভাবন প্রযুক্তি | ৭ | |
| ৩ | আয়-ব্যয়ের চিত্র | ৭ | |
| ৪ | রপ্তানি সম্ভাবনা/বর্তমান রপ্তানি অবস্থা | ৭ | |
| ৫ | পণ্য/সেবার বাজারজাতকরণ কৌশল | ৭ | |
| ৬ | গুণগতমান প্রমাণক দলিল | ৭ | |
| ৭ | আয়কর ও ভ্যাট প্রদান | ৭ | |
| ৮ | কর্মসংস্থান তৈরিতে ভূমিকা | ৭ | |
| ৯ | বিনিয়োগের ক্রমবর্ধমান হার | ৭ | |
| ১০ | পরিবেশের ওপর প্রভাব | ৭ | |
| ১১ | কর্মীর দক্ষতা উন্নয়নে পদক্ষেপ | ৬ | |
| ১২ | প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি | ৭ | |
| ১৩ | উৎপাদন/সেবা কেন্দ্রের পরিবেশ | ৭ | |
| ১৪ | সৃজনশীলতা | ৭ | |
| ১৫ | সার্বিক মূল্যায়ন | ৫ | |
| | সর্বমোট: | ১০০ | |

পরিশিষ্ট-৩

পাসপোর্ট সাইজের ছবি

# বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার

## আবেদনপত্র

(বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য প্রযোজ্য)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | আবেদনকারী উদ্যোক্তার নাম | বাংলা | | | |
| | | ইংরেজি | | | |
| ২. | জাতীয় পরিচয়পত্র নং /NID/ Smart Card | | | | |
| ৩. | শিক্ষাগত যোগ্যতা | ☐ এসএসসি ☐ এইচএসসি ☐ গ্রাজুয়েশন ☐ পোস্ট গ্রাজুয়েশন ☐ অন্যান্য | | | |
| ৪. | ফোন নম্বর | ল্যান্ড ফোন | | মোবাইল ফোন | |
| ৫. | ই-মেইল ও ওয়েবসাইট (যদি থাকে) | ই-মেইল | | ওয়েবসাইট (যদি থাকে) | |
| ৬. | পুরস্কার সংক্রান্ত তথ্য | ক) শ্রেষ্ঠ উদ্যোক্তা হিসেবে এ পর্যন্ত কোনো প্রকার পুরস্কারে ভূষিত হয়েছেন কিনা? | | | ☐হ্যাঁ ☐ না |
| | | খ) উত্তর হ্যাঁ হলে, পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠান ও পুরস্কারের নাম এবং পুরস্কার প্রাপ্তির তারিখ : | | | |
| | | | | | |
| ৭. | প্রতিষ্ঠানের নাম (নিবন্ধন অনুযায়ী) | বাংলা | | | |
| | | ইংরেজি | | | |
| ৮. | ব্যবসায়িক ঠিকানা (একাধিক উৎপাদন প্রতিষ্ঠান থাকলে পৃথক কাগজ ব্যবহার করুন) | ক) কারখানা (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| | | ঠিকানা | | | |
| | | ফোন ই-মেইল | | | |
| | | খ) বাণিজ্যিক কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| | | ঠিকানা | | | |
| | | ফোন ই-মেইল | | | |
| | | গ) শিল্প কারখানার অবস্থান | ক) ব্যবহৃত জমির পরিমাণ: খ) মৌজা: গ) খতিয়ান: ঘ) দাগ: ঙ) মোট পরিমাণ: | | |
| ৯. | শিল্প কারখানায় উৎপাদন শুরুর তারিখ/সন | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০. | শিল্পের মালিকানার ধরন | ☐ একক | ☐ যৌথ | ☐ প্রাইভেট লি. কোম্পানি | |
| ১১. | শিল্পের ধরন | ☐ উৎপাদনকারী | | ☐ সেবাদানকারী | |
| ১২. | উৎপাদিত পণ্য/সেবার নাম | | | | |
| ১৩. | প্রতিষ্ঠান বা কারখানায় ব্যবহৃত কাঁচামালের বিবরণ | | | | |
| ১৪. | মৌলিক কাঁচামালের দেশীয় অংশের পরিমাণ (%) | | | | |
| ১৫. | বিগত তিন বছরের উৎপাদিত পণ্য/সেবা বিক্রয়ের পরিমাণ : | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | মোট বিক্রয় (টাকা) |
| | | | | | |
| ১৬. | বিগত তিন বৎসরে ব্যবসায়ের ব্যয় : | ২০---(জানুঃ-ডিসেঃ) | ২০----(জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | মোট ব্যয় (টাকা) |
| | | | | | |
| ১৭. | বিগত তিন বছরের নিট্ লাভ : (অডিট রিপোর্ট মোতাবেক) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | ২০--- (জানুঃ-ডিসেঃ) | নিট লাভ (টাকা) |
| | | | | | |
| ১৮. | আয়কর ও ভ্যাট প্রদান সংক্রান্ত তথ্য (অডিট রিপোর্ট মোতাবেক) | (ক) আপনি আয়কর ও ভ্যাট প্রদান করেন কিনা? ☐ হ্যাঁ ☐ না | | | |
| | | (খ) উত্তর হ্যাঁ হলে, নিম্নে উল্লিখিত তথ্যসমূহ লিখুন | | | |
| | | ☐ সর্বশেষ করবর্ষে আয়কর প্রদানের পরিমাণ: | | ☐ সর্বশেষ রিটার্ন অনুযায়ী ভ্যাট পরিশোধের পরিমাণ: | |
| | | ☐ কর সনাক্তকরণ নম্বর (e-TIN) : | | ☐ ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর ( যদি থাকে) VAT Reg. No (if any): | |
| ১৯. | বিনিয়োগ (উৎপাদন শুরু হতে অদ্যাবধি) | স্থায়ী সম্পদ অবচয় (যদি থাকে) | চলতি সম্পদ | মোট/ নীট বিনিয়োগ | জমি ও কারখানা ভবন ছাড়া স্থায়ী সম্পদের পরিমাণ |
| | | | | | |
| ২০. | বিগত তিন বছরের নতুন বিনিয়োগ (অডিট রিপোর্ট মোতাবেক) | ২০----সাল | ২০---সাল | ২০---সাল | মোট বিনিয়োগ (টাকা) |
| | | | | | |

| ২১. | | মাসিক বেতনভুক্ত | | | উৎপাদনের ভিত্তিতে মজুরিভুক্ত | | | অস্থায়ী/সিজনাল/ পার্ট-টাইম | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নারী | পুরুষ | মোট | নারী | পুরুষ | মোট | নারী | পুরুষ | মোট | এক বছরে মোট শ্রমঘণ্টা |
| | নিয়োজিত কর্মকর্তার সংখ্যা | | | | | | | | | | |
| | নিয়োজিত কর্মচারীর সংখ্যা | | | | | | | | | | |
| | নিয়োজিত শ্রমিকের সংখ্যা | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ২২. | ব্যবসা প্রতিষ্ঠানের পণ্য বা সেবা বিদেশে রপ্তানি করা হয় কিনা? | ☐ হ্যাঁ | ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, ২০১৯-২০ অর্থবছরে কোন্ দেশে কত টাকার পণ্য/সেবা রপ্তানি করা হয়েছে? | |
| | | [Export form (EXP)/ Export Proceeds Realization Certificate (PRC)/ Cash Incentive Certificate-যদি থাকে] সংযুক্ত করুন | |
| ২৩. | আপনার প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্য এবং উৎপাদন পদ্ধতি পরিবেশবান্ধব কিনা? | ☐ হ্যাঁ | ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, স্বপক্ষে যুক্তি দিন | |
| ২৪ | শিল্প কারখানা স্থাপনে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র অত্যাবশ্যক কিনা? | ☐ হ্যাঁ | ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, ছাড়পত্রের নং ও মেয়াদ | |
| ২৫. | শিল্প স্থাপনের জন্য কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেছেন কিনা ? | ☐ হ্যাঁ | ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকের নাম ও ঋণের পরিমাণ: | |
| | | ঋণ খেলাপি কিনা? | |
| | | ☐ হ্যাঁ | ☐ না |
| | | উত্তর হ্যাঁ হলে, আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকের প্রাপ্য ঋণের পরিমাণ: | |
| ২৬. | শিল্প কারখানা পরিচালনার জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করুন: | ☐ ট্রেড লাইসেন্স<br>☐ পজেশন ডিড<br>☐ TIN সার্টিফিকেট<br>☐ আয়কর জমাদানের স্লিপ<br>☐ অডিটেড আর্থিক বিবরণী | ☐ নিজ নামে ভাড়ার চুক্তিনামা<br>☐ স্বত্বাধিকার ডিড (দলিল)<br>☐ ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট<br>☐ পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র<br>☐ রেজিস্ট্রার্ড পার্টনারশীপ ডিড (অংশীদারি ব্যবসার ক্ষেত্রে) |
| | | ☐ মেমোরেন্ডাম অব আর্টিক্যাল অ্যান্ড অ্যাসোসিয়েশন এন্ড ইনকর্পোরেশন (যৌথ মূলধনী প্রতিষ্ঠানের ক্ষেত্রে) | |

| | | |
|---|---|---|
| ২৭. | আপনার পণ্য/সেবাসমূহের গুণগতমান প্রমাণক দলিল সংযুক্ত করুন: | ☐ বিএসটিআই কর্তৃক অনুমোদিত ☐ রপ্তানিযোগ্য<br>☐ ISO Standard<br>☐ অন্যান্য (...................................) ☐ প্রযোজ্য নয় |
| ২৮. | প্রতিষ্ঠানের নীতিমালা/সমূহ উল্লেখ করুন (যেমন : চাকুরি বিধিমালা, ব্যবস্থাপনা নীতিমালা ইত্যাদি) | |
| | | |
| ২৯. | আপনার প্রতিষ্ঠানে নিরাপত্তামূলক (যেমন: অগ্নি নির্বাপন ব্যবস্থা, দ্রুত নির্গমন ব্যবস্থা ইত্যাদি) ও অন্যান্য কি কি সুবিধা (চিকিৎসা, ডে-কেয়ার সেন্টার, বিনোদন, বাসস্থান, টিফিন/আপ্যায়ন সুবিধা ইত্যাদি ) রয়েছে সংক্ষেপে উল্লেখ করুন: | |
| | | |
| ৩০. | কেন আপনি নিজেকে একজন সফল উদ্যোক্তা মনে করেন? (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |
| ৩১. | ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনের আপনি কিভাবে ভূমিকা রাখছেন? (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |
| ৩২. | কর্মীর দক্ষতা উন্নয়নে আপনি কি ধরনের উদ্যোগ গ্রহণ করেছেন, যা অন্য উদ্যোক্তাদের জন্য অনুকরণীয়। (সর্বোচ্চ ১০০ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |
| ৩৩. | আপনার প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) | |
| | | |

| | |
|---|---|
| ৩৪. | আপনার পণ্য/সেবার বাজারজাতকরণ কৌশল বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) |
| | |
| ৩৫. | পণ্য/সেবার উৎপাদন বা উদ্ভাবন প্রযুক্তি বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) |
| | |
| ৩৬. | আপনার প্রতিষ্ঠানের উৎপাদন/সেবা কেন্দ্রের পরিবেশ বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) |
| | |
| ৩৭. | আপনার প্রতিষ্ঠান সবুজ কর্মপরিবেশের সাথে সাংঘর্ষিক কিনা? (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) |
| | |
| ৩৮. | আপনার প্রতিষ্ঠানের মাধ্যমে কোনো সামাজিক দায়িত্ব পালন (CSR) করলে তার বর্ণনা করুন (সর্বোচ্চ ১২৫ শব্দের মধ্যে বর্ণনা করুন) |
| | |

বিশেষ দ্রষ্টব্য

১. আবেদনকারী উদ্যোক্তাকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. ঋণ খেলাপি, কর খেলাপি, ইউটিলিটি বিল খেলাপি, সরকারি সম্পত্তি/খাল-নদী-জলাধার দখলকারী ও পরিবেশ দূষণকারী কোনো উদ্যোক্তা আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৩. শিল্প মন্ত্রণালয় আবেদনকারীর তথ্য-উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট নথিপত্র বা সাপোর্টিং ডকুমেন্টস যাচাই এবং তা সরকারের অন্যান্য বিভাগ/মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানে যাচাইয়ের জন্য প্রেরণ করার অধিকার সংরক্ষণ করে।

৪. আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্য-উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে সরেজমিন অনুসন্ধান ও ভিডিও চিত্র ধারণের অধিকার শিল্প মন্ত্রণালয় সংরক্ষণ করে।

৫. পুরস্কার প্রদানের ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনরূপ প্রশ্ন উত্থাপন গ্রহণযোগ্য নয়।

৬. শিল্প মন্ত্রণালয় যে কোনো অথবা সকল আবেদন/মনোনয়ন গ্রহণ বা বাতিল করা, বিজয়ী নির্বাচন প্রক্রিয়ায় পরিবর্তন বা পরিমার্জন করা এবং এ সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

আমি নিম্ন স্বাক্ষরকারী বিশেষ দ্রষ্টব্যাংশে বর্ণিত বিষয়সমূহে অবগত হয়ে এই মর্মে অঙ্গীকার করছি যে, আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য সঠিক এবং আমি এগুলোর সাথে একমত পোষণ করি।

আবেদনকারীর স্বাক্ষর ও সিল

| | |
|---|---|
| নাম | |
| তারিখ | |

সংযুক্ত করুন

- ☐ পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি
- ☐ জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড (যদি থাকে) এর কপি
- ☐ বিগত ০৩ বছরের অডিট রিপোর্টের কপি।

**পূরণকৃত আবেদনপত্রটি নিম্ন ঠিকানায় পাঠিয়ে দিন**

সচিব
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন
৯১ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

## মূল্যায়ন ছক
(বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য প্রযোজ্য)

উদ্যোক্তার নাম: ..........................................................................................

প্রতিষ্ঠানের নাম: ..........................................................................................

| ক্রমিক | মান বণ্টন খাত | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১ | কাঁচামালের উৎস | ৫ | |
| ২ | পণ্য উৎপাদন/উদ্ভাবন প্রযুক্তি | ৫ | |
| ৩ | আয়-ব্যয়ের চিত্র | ৫ | |
| ৪ | রপ্তানি সম্ভাবনা/বর্তমান রপ্তানি অবস্থা | ৬ | |
| ৫ | পণ্য/সেবার বাজারজাতকরণ কৌশল | ৫ | |
| ৬ | গুণগতমান প্রমাণক দলিল | ৬ | |
| ৭ | আয়কর ও ভ্যাট প্রদান | ৬ | |
| ৮ | কর্মসংস্থান তৈরিতে ভূমিকা | ৬ | |
| ৯ | বিনিয়োগের ক্রমবর্ধমান হার | ৬ | |
| ১০ | পরিবেশের ওপর প্রভাব | ৬ | |
| ১১ | প্রাতিষ্ঠানিক নীতিমালা (চাকুরি বিধিমালা, ব্যবস্থাপনা নীতিমালা ইত্যাদি) | ৫ | |
| ১২ | ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ভূমিকা | ৫ | |
| ১৩ | কর্মীর দক্ষতা উন্নয়নে পদক্ষেপ | ৫ | |
| ১৪ | প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি | ৫ | |
| ১৫ | উৎপাদন/সেবা কেন্দ্রের পরিবেশ | ৫ | |
| ১৬ | সৃজনশীলতা | ৭ | |
| ১৭ | সামাজিক দায়িত্ব পালন | ৭ | |
| ১৮ | সার্বিক মূল্যায়ন | ৫ | |
| | সর্বমোট: | ১০০ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রেজাউল করিম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd